
8th International Children's Film Festival, Bangladesh
JANUARY 24-30, 2015

# আমাদের উৎসব

৮ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশ । ফ্রেমে ফ্রেমে আগামী স্বপ্ন । Future in Frames

শুক্রবার । ৩০ জানুয়ারি, ২০১৫ । ৪ পাতা । মূল্য ৫ টাকা । সংখ্যা ০৭






## "প্রাণের উৎসব, ভালোবাসার উৎসব... এবং আবারো এক বছরের অপেক্ষা"

অপেক্ষা খুব খারাপ জিনিস। সেটা যেকোন কিছুর জন্যই হোক। আর এই চলচ্চিত্র উৎসবের জন্য অপেক্ষা করা তো রীতিমতো দম বন্ধ হবার মত বিষয়। আজ শেষ হচ্ছে উৎসব, শুরু হচ্ছে অপেক্ষার পালা। আবার একটি বছরের অপেক্ষা।

স্কুল-কলেজ, কোচিং, বাসার বাঁধা রুটিন ও একঘেয়েমি জীবনের বাইরে বেশ আনন্দেই কেটে গেল ৭টি দিন। অনেক অনেক ফিল্ম দেখা, বিখ্যাত ব্যক্তিদের সাথে আড্ডা দেয়া, তাদের কাছ থেকে অনেক কিছু জানতে ও শিখতে পারা, কর্মশালা ও সেমিনার করা– কত কিছুই না হল দিনগুলোতে। স্মৃতিতে থেকে যাবে এই সাত সাতটি আনন্দময় দিন। উৎসবের টি-শার্ট, ব্যাগ, সুভ্যেনির, স্টিকার আর বুলেটিন বাসার কোন এক কোণে পড়ে থেকে জানান দিয়ে যাবে ৭দিনের হাজারো হাসি-কান্না ও মজার সব খুনসুটির গল্প। উৎসবে অংশ নেয়া শিশু ও তরুণ নির্মাতারাসহ উৎসবের ভলান্টিয়াররা বাড়ি ফিরে তা শেয়ার করবে বন্ধুদের সাথে। যার মধ্য দিয়ে হয়ত জন্ম নেবে আরও অনেক ভবিষ্যত নির্মাতারা, স্বেচ্ছাসেবক, স্ক্রিপ্ট রাইটার, সিনেমাটোগ্রাফার, কিংবা একজন সৃষ্টিশীল আদর্শ মানুষ। আর এত সব স্বপ্ন ও সম্ভাবনা নিয়েই আজ শেষ হচ্ছে ৮ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশ ২০১৫।

আর তাইতো উৎসবে আসা শিশুদের মনটা খুব খারাপ। আর এই মন খারাপের পরিমাণ হয়ত আজ সন্ধ্যায় আরও বেশি বাড়তে পারে তাদের জন্য। কেননা সন্ধ্যায় পাবলিক লাইব্রেরির শওকত ওসমান মিলনায়তনে অনুষ্ঠিত হবে শিশু ও তরুণ চলচ্চিত্র নির্মাতাদের পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠান। সেখানেই তো যত ভয়! পুরস্কার আসুক আর নাইবা আসুক, আনন্দটাই সবচাইতে বড়। কিন্তু আফসোস, আনন্দ বড়ই ক্ষণস্থায়ী– যা বেদনাদায়কও। এই অসীম আনন্দের রেশ বুকে লালন করতে হবে পুরো একটি বছর। অফুরন্ত ভালোবাসা নিয়ে আবারও শুরু হবে আগামী উৎসবের প্রস্তুতিপর্ব। আবারও সেই দিনের অপেক্ষা।

সিএফএস এর সভাপতি মুহম্মদ জাফর ইকবাল স্বপ্ন দেখেন, "একদিন এই চলচ্চিত্র উৎসবে অংশ নেয়া কোন শিশু নির্মাতাই আমাদের জন্য নিয়ে আসবে অস্কার!"

সাবেক উৎসব পরিচালক মোরশেদুল ইসলাম স্কয়ার হাসপাতালের বেডে শুয়েও আমাদের নিয়ে স্বপ্ন দেখেন, "আমরা একদিন অনেক বড় হবো। আমাদের ছোট ছোট ভুলগুলো থেকেই আমরা শিখবো। নিজেদের তৈরী করতে পারবো ভবিষ্যতের জন্য।"

উৎসব আহ্বায়ক মুনিরা মোরশেদ মুন্নী স্বপ্ন দেখেন, "এই উৎসব থেকে পাওয়া শিক্ষা ও মূল্যবোধ কাজে লাগিয়ে দুর্নীতিমুক্ত এক বাংলাদেশ গড়বে আমাদের শিশুরা।"

আর সব শেষে বর্তমান উৎসব পরিচালক রায়ীদ মোরশেদ স্বপ্ন দেখেন, "এই উৎসবটি একদিন আরও উন্নত ও জাক-জমকপূর্ণ হবে এবং পৃথিবীব্যাপী যত চলচ্চিত্র উৎসব রয়েছে সেগুলোর জন্য একটি আদর্শ হিসেবে কাজ করবে।"

এরকম স্বপ্নগুলো পূরণের লক্ষ্য নিয়েই প্রতিবছর আমরা আয়োজন করে যাচ্ছি আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব। তাঁদের চোখে স্বপ্নগুলো পূরণের পথ ধরে হেঁটে চলেছি আমরা।

আমরা বিশ্বাস করি, আমাদের সবার সম্মিলিত অংশগ্রহণেই সত্যি হবে সেই স্বপ্নগুলো। আর আজ এই উৎসবের শেষ দিনে সবাই তাদের মন খারাপ ভাবটা লুকিয়ে রেখে মুখে হাসি ফুটিয়ে রেখেছে এই বিশ্বাসের জোরেই! দেখা হবে বন্ধু...

*- আবু সাঈদ নিশান*










মারমুখী “বুলেট-ইন” টিম!

# “আমাদের উৎসব, আমাদের কথা”

আমাদের উৎসব মানেই আমাদের কথা। এবারের আমাদের কথা লেখার দায়িত্ব নিয়েছি আমরা। ৮ম উৎসবের তারুণ্যভরা বুলেটিন টিমটি একেবারেই নতুন। সম্পাদক আবু সাঈদ নিশান বলেন, “নতুন হলেও আমাদের দলের সবাই কম-বেশি সৃজনশীল ও চিন্তাশীল। নিয়মিত সবাই সবার কাজ করেছে বলেই আমরা এই ৭টি দিন পত্রিকাটি বের করতে পেরেছি।

বুলেটিনের সহ-সম্পাদক আদিবা কারিন বলেন, “এই উৎসবের প্রতি আমাদের ভালোবাসা ব্যাপক। যা আমাদের কাজ করতে উদ্যমী করে তুলেছে।” বুলেটিনের আরেকজন সহ-সম্পাদক অরণি সেমন্তি খানের কাছ থেকে জানতে চাইলে তিনি ইংরেজিতে কি যেন কিরমির করে বলে উঠলো বুঝতে পারলাম না। আমি ইংরেজি কম বুঝলেও অরণির দুই শিষ্য দ্যুতি ও মেধা ইংরেজির জাহাজ। তাদের অক্লান্ত পরিশ্রমেই বুলেটিনের শেষ পাতাটি ইংরেজিতে বের হয়েছে।


বুলেটিনের সমন্বয়কারী জামসেদুর রহমান সজীব এর কথা বলতে গেলে লেখাটি উপন্যাস হয়ে যাবে। বিজয় ফন্টে লেখা, বানান দেখা অথবা কোন খবরের শিরোনাম দিতে সজীবের বিকল্প এই উপমহাদেশে আমরা নাও পেতে পারি।

জৈষ্ঠ্য প্রতিবেদক মাহমুদ সৌরভ সব সময় কী যেন ভাবে আর হাসে। হয়তো মজার মজার খবরগুলো সে মাথার ভেতর সাজাতে থাকে। অন্য প্রতিবেদক সাদীয়া ইসলাম রোজা, সামিয়া শারমিন বিভা ও রাজকন্যা রাজ্জাক এরা খুব ভয়ে রিপোর্ট করতে থাকে সারাদিন। সাদীয়া ইসলাম রোজা এ সম্পর্কে বলেন, “সবকিছু সহ্য হয় কিন্তু সম্পাদক সাহেবের বকা একদমই সহ্য হয় না।” আর আমি নিজের কথা লিখতে গিয়ে কিছুই খুঁজে পাচ্ছি না। জনমতের ভিত্তিতে আমি এই দলের সব থেকে বড় ফাঁকিবাজ। সোজা, ছোট রিপোর্টগুলো করেছি। ঘুরাঘুরি বেশি করেছি। আসলে উৎসব চলছে আর এক কোণায় বসে গোমড়ামুখে রিপোর্ট করতে কার ভালো লাগে বলেন!

আজই উৎসবের শেষ দিন। কাল থেকে ‘আমাদের উৎসব’ বের হবে না। যথেষ্ট হয়েছে...

*-আশিক ইব্রাহিম*







# ক্লিক! ক্লিক!!



ক্ষুধার্ত সম্পাদক!



আয় হায়, অয় কি এখন উড়াল দিবো?



বাঘের সাথে যুদ্ধ করে আসলাম!



উফফ্ ছেলেটা কী সুন্দর!



এইটা কী দেখলাম!



দেখছো,খাইতেও দেয়না!



দুটি সন্তানের বেশি নয়,
একটি হলে ভালো হয়!



ব্যাঙ চাইলে ভেংচায়...



কিছু মনে করবেন না...আমার
ঘাড়টা একটু ত্যাড়াই!



চুল ধরে মারো টান,
মাশরাবা হবে খান খান!



মারো ঠেলা, হেইয়ো!



ঘোড়া দাঁড়িয়ে ঘুমায়!

THE POPCORN DIARIES




# GRACIAS!

CMT, Projection, Graphics, Decoration, Sales, Press and Media, Auditorium, Delegates' teams have done their extremely well! And we, the bulletin team have written about it. But someone talk about the bulletin team too! A group of buzzing young reporters, vibrant graphic designers, brilliant photographers and wise editors were always on their toes to bring to you updates of the festival! We do appreciate the love.



## The Missing Mentor

'I've missed the entire festival because of my open heart surgery, but from what I've heard about it, it was fantastic and I am ecstatic that the young ones could pull off such a splendid event without any help from the adults. Bravo!'

**- Morshedul Islam**
*Former Festival Director*

## Unexpected tunes!



At daybreak, the outdoor stage was illuminated by a group of folk singers. And so, this festival is not only about films! There's always more to it.



## Last but not the least!

Like the reels of a movie, the 7 days have passed. The magical days of the 8th International Children's Film Festival have finally dropped its curtains. In the end, the whole crew of Children's Film Society would like to bid goodbye through a hearty bow and thank you for being with us . But wait, we don't believe in goodbyes, do we? See you all next year!


**Editor:** Abu Sayeed Nishan
**Co-editor:** Aadeeba Kaareen, Ashik Ibrahim, Auroni Semonti Khan
**Co ordinator:** Zamsedur Rahman Sajib
**Senior Reporter**: Mahmud Shourov
**Reporter:** Samia Sharmin Biva, Sadia Islam Roza, Razkanna Razzaque Poushi, Syeda Ashfah Toaha Duti, Raidah Morshed
**Designer:** Khan Mohammad Sashoto Seeam, Mehnaz Mumtahina

**Photographers:**
Zamil Rahman
Mithila G. Mumu
Achuyat Saha Joy
Autoshi Imdad
Ahornish Ahona
Jannatul Ferdous Mou

Organized by
Children's Film Society, Bangladesh

Supported by

Associated Partners

Online Marketing Partner